



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ ১০/(৭) /৫/২০২২

তারিখ: ১৬ মার্চ, ২০২০

### নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর সমাজবিজ্ঞান বিভাগে প্রভাষকের ৪ (চার)টি পদে (০২টি স্থায়ী পদে এবং ০২টি ছুটিজনিত শূন্য পদের বিপরীতে) শিক্ষক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/=

### প্রভাষকের যোগ্যতা

ক) প্রার্থীদের এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান উভয় পরীক্ষায় নূন্যতম GPA 4.00 (5.00 স্কেলে) থাকতে হবে, তবে ২০০১, ২০০২, ২০০৩ সনে এসএসসি বা সমমান এবং ২০০৩ সনে এইচএসসি বা সমমান পরীক্ষায় নূন্যতম GPA 3.50 (5.00 স্কেলে) থাকতে হবে।

খ) প্রার্থীদের বিজ্ঞপ্তিকৃত/সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)ও মাস্টার্স উভয় পরীক্ষায় নূন্যতম CGPA 3.50 (4.00 স্কেলে) থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে যে কোন একটি পরীক্ষার ফলাফলের CGPA এর শর্ত শিথিলযোগ্য, তবে তা CGPA 3.25 এর নিচে কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না।


গ) সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সকল পর্যায়ে ১ম বিভাগ/শ্রেণী\* থাকতে হবে। যে কোন একটি পরীক্ষার ফলাফলে শর্ত শিথিলযোগ্য, তবে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী\* থাকতে হবে।

আবেদনের সাথে প্রার্থীদের প্রকাশনাসমূহের হার্ডকপি ও সফট কপি জমা দিতে হবে।

\*বিভাগ/শ্রেণী বলতে বুঝাবে লেটার ও নিউমেরিকেল গ্রেড পদ্ধতি প্রবর্তনের পূর্বে যে ১ম, ২য়, ৩য় বিভাগ/শ্রেণী হিসাবে ফলাফল দেয়া হত।

### আবেদনপত্র জমাদান :

রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর ৫০০/= (পাঁচশত) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার(পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪(চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ৮ সেট দরখাস্ত আগামী ৭ এপ্রিল, ২০২০ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট ([www.sust.edu](http://www.sust.edu)) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগজনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না/বিবেচনা করা হবে না।



(মুহাম্মদ ইশফাকুল হোসেন)  
রেজিস্ট্রার